



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ১০২৬/ম্যানু/ভর্তি/২০২১/১৫৩০

তারিখ: ২৩-০৫-২০২২ খ্রি.

বিষয়: ২০২০-২১ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে বিটিসি, সমতুল্য, প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে বিটিসি'র মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ২৪-০৫-২০২২খ্রি. হতে ৩১-০৫-২০২২খ্রি. পর্যন্ত চলবে। উক্ত তারিখের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে e-SIF ফরম পূরণ করে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও সমতুল্য ও প্রতিবন্ধী কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের ২৩-০৫-২০২২ তারিখ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন সম্পন্ন করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ বিটিসি'র মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।

  
23-05-2022